# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬. আযানের জবাব কিভাবে দিতে হয়?

মুয়াযযিন যা বলে শ্রোতা তাই বলবে, শুধু ‘হাইয়্যা আলাস সালাহ’ ও ‘হাইয়্যা আলালফালাহ' বলার সময় বলবে, ‘লা-হাউলা অলা কুয়্যাতা ইল্লা বিল্লাহ্। (মুসলিম: ৭৩৬)। ফজরের সালাত ‘আস্-সালাতু খাইরুম্ মিনান্ নাউম বললে অনেকেই এর জবাবে বলে সদাক্তা অবারাতা’। অথচ একথা হাদীসে নেই। অতএব, শুদ্ধ হলো ‘আস্-সালাতু খাইরুম্ মিনান্ নাউম্'- এটাই বলা। ‘আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ’-র জবাবে কেউ কেউ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলে। এটিও ঠিক নয়। কারণ নবী (স) বলেছেন, মুয়াযযিন যা বলে তোমরা শুধু তাই বলবে (বুখারী)। তবে অন্য সময় রাসূলের নাম শুনলে দরূদ পড়বে (তিরমিযী: ৩৫৪৫)। উল্লেখ্য যে, আযান শুরুর আগে কেউ কেউ মাইক্রোফোনে দুরূদ পড়ে। এটি ঠিক নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12888

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন